# Times Today BD

শরিফুল ইসলাম | দেশজুড়ে | 22 April, 2025

গাজীপুরের শ্রীপুরে আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ওবায়দুল কাদেরর ভাগিনা ব্যান্ড উইন গ্রুপের ব্যবস্থাপনা পরিচালক আলী হায়দার রতনকে গ্রেপ্তার করেছে পুলিশ।

তিনি ৫ আগস্ট বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলনে নিহতদের পরিবারের করা দুটি হত্যা মামলায় এজাহারভুক্ত আসামী।সকালে এ মামলা দুটিতে গ্রেপ্তার দেখিয়ে থানা থেকে তাকে আদালতে প্রেরণ করে পুলিশ। শ্রীপুর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা জয়নাল আবেদীন মন্ডল জানান, রাজধানীর রমনা থানা পুলিশ আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ওবায়দুল কাদেরর ভাগিনা আলী হায়দার রতনকে গ্রেপ্তার করে।পরে শ্রীপুর থানায় তার নামে ২ টি হত্যা মামলা থাকায় তাকে শ্রীপুর পুলিশের কাছে সোপর্দ করে। তাকে হত্যা মামলায় গ্রেপ্তার দেখিয়ে আদালতে প্রেরণ করা হয়েছে বলেও জানান।

আলী হায়দার রতনের মালিকানাধীন ব্যান্ড উইন গ্রুপের বিরুদ্ধে শ্রীপুরের শৈলাট গ্রামে একাধিক ব্যক্তির জমি জোর করে দখল নেয়ার অভিযোগ রয়েছে।

গাজীপুর আওয়ামী লীগ ওবায়দুল কাদের

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 12 June, 2025 03:20

URL: https://timestodaybd.com/public/across-the-country/1252775807